

মাননীয় উপাচার্য মহোদয়ের ফেজ-এ, এমডি,এমএস পরীক্ষা কার্যক্রম পরিদর্শন

আজ শনিবার ২১ জানুয়ারি ২০১৮ইং তারিখ, সকালে শহীদ ডা. মিলন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান মহোদয় রেসিডেন্সী প্রোগ্রাম: জানুয়ারি ২০১৮-এর ফেজ-এ, এমডি/এমএস পরীক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। এসময় এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর ও ইউরোলজি বিভাগের অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, এ্যানেসথেশিয়া, এনালজেশিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইফতেখার আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

